

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2021 Let The Youth Lead

Strategic
Partners:



National
Nutrition
Services

Scaling Up
NUTRITION



Nutrition Club

ACT4FOOD
ACT4CHANGE

euglena



উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার নির্দেশিকা

কিশোর-কিশোরী এবং তরুণদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমৃদ্ধ সমাজ গঠনে সম্মিলিত উদ্যোগের বার্ষিক জাতীয় অনুষ্ঠান হলো নিউট্রিশন অলিম্পিয়াড। BIID Foundation বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় যৌথ ভাবে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য সমূহ অর্জনে তরুণদের নেতৃত্বে নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২১ ডিসেম্বর, ২০২১ “আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১” আয়োজন করা হবে। নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দিতে এবং কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য ২০২১ সাল থেকে আন্তর্জাতিক পর্যায়ে নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনের উদ্দেশ্য নেওয়া হয়েছে। প্রতিবারের মতো এবারো নিউট্রিশন অলিম্পিয়াডে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম এর আয়োজন করা হয়েছে।

এ বছর আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড এ উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১০-২৪ বছর বয়সীদের আহ্বান করা হচ্ছে। উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার নিয়মাবলী নীচে দেয়া হলোঃ

বয়স ভিত্তিক গ্রুপ:

ক	খ
১০-১৮	১৯-২৪

বিষয়বস্তু:

ক গ্রুপ: “শিক্ষা প্রতিষ্ঠানের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে ছাত্রছাত্রীদের করণীয়”।

খ গ্রুপ: “কৃষি খাতে তরুণ উদ্যোক্তাদের নিরাপদ ও পুষ্টিকর খাবার নিশ্চিত করতে প্রয়োজন সঠিক উদ্যোগ”।

প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশনা:

যোগ্যতাঃ নিউট্রিশন ক্লাব সদস্য, শিক্ষার্থী এবং নির্ধারিত বয়সসীমার সকল কিশোর-কিশোরী, তরুণ-তরুণী যারা আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করবে তারা সবাই অংশগ্রহণ করতে পারবেন।



রেজিস্ট্রেশন: আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েবসাইট এর মাধ্যমে প্রত্যেক অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন এর সময় প্রতিযোগিতার বিষয় “উপস্থিত বক্তৃতা” নির্বাচন করতে হবে।

ভাষা: বাংলা অথবা ইংরেজি।

রেজিস্ট্রেশন এর শেষ সময়: ১০/১২/ ২০২১

স্কোরিং:

ক্রমিক নং	বিষয়বস্তু	নম্বর
১.	বিষয়বস্তু	৩০
২.	বিষয়বস্তু উপস্থাপন	২০
৩.	সঠিক তথ্য ও ব্যাখ্যা	২৫
৪.	বাচনভঙ্গি	১৫
৫.	নিয়মাবলী অনুসরণ	১০

প্রাথমিক বাছাই:

- ১৩/১২/২০২১ তারিখে BIID Foundation এর পক্ষ থেকে একটি ZOOM লিংক দেওয়া হবে, যেখানে ১৫/১২/২০২১ তারিখে সরাসরি অংশগ্রহণ করতে হবে। ০২ মিনিট সময়ের মধ্যে উক্ত বিষয়ে বক্তব্য উপস্থাপন করতে হবে।
- প্রাথমিক বাছাইয়ে নির্বাচিত ৩ জন (প্রতি গ্রুপে) চূড়ান্ত পরবে অংশ নিবে।

চূড়ান্ত বাছাই: নির্বাচিত প্রতিযোগীদের অলিম্পিয়াডের দিন (২১/১২/২০২১) ZOOM এ সরাসরি উপস্থিত বক্তৃতা প্রদান করতে হবে। চূড়ান্ত বাছাই এর বিষয় প্রতিযোগিতার সময় ই-মেইলের মাধ্যমে যথাসময়ে জানিয়ে দেয়া হবে।

যোগাযোগ: উপস্থিত বক্তৃতা নিয়ে যেকোন প্রশ্ন থাকলে যোগাযোগ করুন, আসহাব আল ইয়ামিন এর সাথে, ফোন: +৮৮০১৭৬৭৫০২৬৩৬, অথবা ই-মেইল করুন: ashabalyeamin123@gmail.com, অথবা ই-মেইল: ino@biid.org.bd, ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯ এই ঠিকানায়।

বিশেষ দৃষ্টব্য:

- যেকোনো প্রকারের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে অযোগ্য ঘোষণা করা হবে।
- বিচারকগণের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

অন্যান্য:

- বক্তৃতা প্রদানের সময় ক্যামেরা অন রাখতে হবে।
- ২টি গ্রুপ থেকে সর্বোচ্চ স্কোরধারীকে আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।

একজন অংশগ্রহণকারী/একটি দল সর্বোচ্চ তিনটি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।

